

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর  
১৩০তম সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্স, ২০২১-২২  
বিসিএস লাইভস্টক প্রশিণ একাডেমী, সাভার, ঢাকা।

৩য় ব্যাচ (১৩/০৩/২০২২ হতে ০২/০৫/২০২২)

### কোর্স রিফিং

#### প্রশিক্ষণ কোর্সের বৈশিষ্ট্য :

অন্যান্য প্রশিক্ষণ কর্মসূচী থেকে সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কর্মসূচী একটু ভিন্নতর। এ প্রশিক্ষণ কর্মসূচীর একটি ঐতিহ্য রয়েছে।

- পুরাতন ঐতিহ্যের ধারা অনুসারে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ ক্যাম্পে তাঁবুতে অবস্থান করে থাকেন;
- শ্রেণী কক্ষে তাত্ত্বিক বিষয়ে শিক্ষা গ্রহণ শেষে পরদিন মাঠে ব্যবহারিক শিক্ষাদানের ব্যবস্থা;
- মাঠে হাতে কলমে কাজ শিখে থাকেন।

#### প্রশিক্ষণ পদ্ধতি :

- ❖ এ প্রশিক্ষণ কর্মসূচীকে দু'ভাগে ভাগ করা হয়েছে:-
  - ক) যৌথ ক্যাম্প (১৩/০৩/২০২২ হতে ২১/০৪/২০২২ খ্রি.)
  - খ) বিভক্ত ক্যাম্প / জোনাল সেটেলমেন্ট অফিসে সংযুক্তি (২২/০৪/২০২২ হতে ০২/০৫/২০২২ খ্রি.)
- ❖ ০২/০৫/২০২২ খ্রি. তারিখ কোর্সের সমাপনী।

#### যৌথ ক্যাম্পে প্রশিক্ষণ:

- ❖ প্রথম ০৬ (ছয়) সপ্তাহ বা ৩০ (ত্রিশ) কর্মদিবস প্রশিক্ষণার্থীগণ সম্মিলিতভাবে যৌথ ক্যাম্পে প্রশিক্ষণ গ্রহণ করবেন;
- ❖ প্রত্যহ অপরাহ্নে পাঠ্যক্রম অনুযায়ী ক্লাশ নেয়া হবে; ভূমি আইন ব্যবস্থাপনায় দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গকে বক্তা হিসেবে আমন্ত্রণ জানানোর ব্যবস্থা করা হবে।
- ❖ ০৫-০৭ জন প্রশিক্ষণার্থী কর্মকর্তাকে নিয়ে একটি দল গঠন করা হবে;
- ❖ প্রত্যেক দলকে আনুমানিক ৩০/৪০ একর ভূমির প্রত্যেকটি ভূমিখন্ড সরজমিনে জরিপ করে নক্সা অংকনের জন্য বরাদ্দ করা হবে;
- ❖ প্রশিক্ষণার্থীগণ ভূমি জরিপের সনাতন ও ডিজিটাল কলা-কৌশল সম্পর্কে হাতে কলমে শিক্ষালাভ করবেন;
- ❖ মাঠের প্রশিক্ষণ প্রদানের জন্য অভিজ্ঞ সার্ভেয়ার ও কানুনগোগণ নিয়োজিত থাকবেন;
- ❖ উপরনু মাঠকাজে একজন কারিগরি উপদেষ্টা প্রয়োজনীয় পরামর্শ দেবেন।

#### বিভক্ত ক্যাম্পে প্রশিক্ষণ:

- যৌথ ক্যাম্পের পর নির্ধারিত তারিখে প্রশিক্ষণার্থীগণ বিভক্ত ক্যাম্পে বিভিন্ন জোনাল সেটেলমেন্ট অফিসে যোগদান করবেন;
- জোনের যে সকল জেলায় বর্তমান জরিপের কাজ চলমান আছে, সেখানে তাঁরা জরিপের বিভিন্ন স্তরের কাজ--

- যেমন: কিস্তোয়ার, খানাপুরী, বুঝারত, তসদিক, আপত্তি ও আপীলের কাজ সম্পর্কিত বিষয় সংশ্লিষ্ট সেটেলমেন্ট অফিসারের তত্ত্বাবধানে বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করবেন।

### মূল্যায়ন পদ্ধতি :

প্রশিক্ষার্থীগণের প্রশিক্ষণের মান ও কার্যাবলী মূল্যায়নের ব্যবস্থা রাখা হয়েছে।

- যৌথ ক্যাম্পে তত্ত্বীয় ও মাঠপর্যায়ের প্রশিক্ষণ শেষে বস্তুনিষ্ঠ লিখিত পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষার্থীগণকে মূল্যায়ন করা হবে;
- অংশগ্রহণকারী সকল কর্মকর্তার প্রশিক্ষণ কোর্সের মূল্যায়ন প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগে পাঠানো হয়ে থাকে;
- নিম্নবর্ণিত বিষয়ের উপর পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রশিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে :

(ক)	লিখিত পরীক্ষা	৬০ নম্বর
(খ)	ব্যবহারিক পরীক্ষা	২০ নম্বর
(গ)	এসাইমেন্ট প্রস্তুত, জমা প্রদান ও দলীয় উপস্থাপনা	১৫ নম্বর
(ঘ)	নিয়মিত উপস্থিতি ও সহ. কোর্স সমন্বয়ক (আবাসিক) কর্তৃক মূল্যায়ন	০৫ নম্বর
(চ)	মোট	১০০ নম্বর

### থাকার ব্যবস্থা :

প্রশিক্ষার্থীগণের থাকার জন্য তাঁবুর ব্যবস্থা করা হয়েছে।

- প্রতিটি তাঁবুতে পূর্বে ০২টি করে ক্যাম্প খাটের ব্যবস্থা থাকলেও কোভিডজনিত কারণে বর্তমানে প্রতিটি তাঁবুতে ০১টি খাটের ব্যবস্থা করা হয়েছে;
- কোন বিছানা/ বেডিং, লেপ, তোষক, বালিশ, কাথা ইত্যাদি নিজেকে ব্যবস্থা করতে হবে;
- মহিলা প্রশিক্ষার্থীগণের জন্য আলাদাভাবে বাউন্ডারীকৃত জায়গায় তাঁবুর ব্যবস্থা করা হয়েছে;
- কোন প্রশিক্ষার্থীর পরিবারের সদস্য বা অতিথিদের জন্য কোন বাসস্থানের ব্যবস্থা নেই;
- বিশুদ্ধ পানি, গরম পানি (গোসল খানা এর পাশে) সরবরাহের ব্যবস্থা রাখা হয়েছে;
- তবে তাঁবুতে কোন অবস্থাতেই হিটার/রুম হিটার ব্যবহার করা যাবে না।

### টিম লিডার:

প্রশিক্ষার্থীদের মধ্যে থেকে সিনিয়র একজনকে টিম লিডার করা হবে। এ ছাড়াও প্রতি ক্যাডারের একজন করে সহকারী টিম লিডার করা হবে।

### খাওয়ার ব্যবস্থা :

- মেস কমিটির জন্য একজন পিএমসি ০২ জন সহকারী পিএমসি (ভিন্ন ভিন্ন ক্যাডার হতে তিনজন পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন যদি থাকে) নিয়োগ করা হবে। একজন মহিলা প্রশিক্ষার্থী যিনি মেস কমিটির উপদেষ্টা হবেন।

- রান্না ও খাওয়ার ব্যবস্থা প্রশিক্ষণার্থীগণ নিজেরা করবেন। তবে কোর্স প্রশাসনের পক্ষ হতে কুকের ব্যবস্থা করা হবে, কুকের বেতনাদি প্রশিক্ষণার্থীদের বহন করতে হবে;
- রান্নাঘরের ব্যবস্থা থাকবে এবং অফিসারগণ ইচ্ছা করলে নিজ উদ্যোগ/ সম্মিলিতভাবে মেন্স করে খাওয়ার ব্যবস্থা করতে পারবেন। সম্মিলিতভাবে খাওয়ার ক্ষেত্রে হাড়ি-পাতিল ও চুলা, খাওয়ার উপকরণ (প্লেট, গ্লাস ইত্যাদি) ক্যাম্প থেকে সরবরাহ করা হবে;
- যোগদানকৃত প্রশিক্ষণার্থীদের মধ্য হতে একটি মেন্স কমিটি গঠন করা হবে। উক্ত মেন্স কমিটি বাজার করা এবং রান্না-বান্নার প্রয়োজনীয় ব্যবস্থা করবে, তবে কোর্সের পক্ষ থেকে রান্নার তৈজসপত্র সরবরাহ করা হবে;
- প্রত্যেক অফিসার একজন আর্দালি/ পিয়ন সাথে নিয়ে আসতে পারবেন, প্রশিক্ষণার্থীগণ নিজ নিজ অফিস থেকে এ আর্দালি/ পিয়নের বেতন-ভাতাদি পরিশোধ করতে পারবেন।

### বাজার :

- সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ ক্যাম্প থেকে নিকটে কলমা বাজার, ১.৫ কিলোমিটার দক্ষিণে সাভার বাস স্টপেজে একটি এবং জাহাজীরনগর বিশ্ববিদ্যালয়ে আরেকটি বাজার রয়েছে;
- প্রশিক্ষণার্থীগণ বাজার থেকে তাঁদের প্রয়োজনীয় ও দৈনন্দিন পণ্যসামগ্রী কেনাকাটা করতে পারবেন।

### বইপত্র :

- লিখিত পরীক্ষা এবং প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ ও পরীক্ষায় অংশগ্রহণের সুবিধার্থে প্রশিক্ষণার্থীগণ অফিস হতে আইন, বিধি ও ম্যানুয়াল বই সংগ্রহ করতে পারবেন;
- সবার জন্য জরিপ বিষয়ক একটি বই প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে;
- ওয়াই-ফাই কানেকশন সবার জন্য নিশ্চিত করা হয়েছে;
- ক্লাস লেকচার গুগল ড্রাইভে রাখা হচ্ছে যা ওয়েবসাইট হতে ডাউনলোডের সুযোগ রাখা হয়েছে।

### নিত্য ব্যবহারযোগ্য দ্রব্যাদির তালিকা :

(ক) টর্চলাইট (খ) মশারী (গ) বিছানা/ বালিশ (ঘ) শীতকালীন গরম কাপড়/ লেপ/ কম্বল/ তোষক  
 (ঙ) হ্যাট/ ক্যাপ (চ) মজবুত কেডস (ছ) মাঠে ব্যবহার উপযোগী শার্ট/ টি- শার্ট  
 (জ) প্যান্ট/ট্রাউজার (মহিলাদের ক্ষেত্রে সালোয়ার, কামিজ)।

### পোষাক :

- মাঠে কাজ করার উপযোগী শীতকালীন গরম কাপড়সহ, ক্যাজুয়াল পোষাক পরিধান করতে হবে।
- নারী প্রশিক্ষণার্থীদের ক্ষেত্রে সালোয়ার কামিজ / ইত্যাদি সংগে আনতে হবে।
- ক্লাস চলাকালীন স্মার্ট ক্যাজুয়াল (ফুলশার্ট, প্যান্ট, মহিলাদের ক্ষেত্রে সালোয়ার কামিজ, শাড়ী) পোষাক পরিধান করতে হবে।
- উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে ফরমাল পোষাক পরিধান করতে হবে।

## স্বাস্থ্য :

- ক্যাম্পে একজন খন্ডকালীন ডাক্তার নিয়োগের ব্যবস্থা করা হয়েছে। বিনা মূল্যে চিকিৎসা সেবা নেয়া যাবে।

## ছুটি সংক্রান্ত :

- যৌথ ক্যাম্প চলাকালে সাপ্তাহিক ছুটি হিসেবে শুধুমাত্র শুক্রবার ও শনিবার এবং অন্যান্য সরকারী ছুটি ভোগ করা যাবে। তবে সেক্ষেত্রে কোর্স পরিচালক/ সমন্বয়কারীর অনুমতি গ্রহণপূর্বক ক্যাম্পে রক্ষিত রেজিস্টারে নাম লিপিবদ্ধ করে ক্যাম্প ত্যাগ করতে হবে;
- উল্লেখ্য, এটি একটি সম্পূর্ণ © আবাসিক ও সার্বক্ষণিক প্রশিক্ষণ কোর্স।

## বিনোদন :

- ক্যাম্পে ভলিবল, ক্যারাম, দাবা ও ব্যাডমিন্টন খেলার ব্যবস্থা থাকবে। ব্যাডমিন্টন খেলার র্যাকেট ও কর্ক প্রশিক্ষণার্থীগণকে নিজ উদ্যোগে সংগ্রহ করতে হবে;
- যোগদানকৃত প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে একটি ক্রীড়া কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি ভলিবল, ব্যাডমিন্টন ও ক্যারাম ইত্যাদি খেলাধুলার আয়োজন করবে;
- যোগদানকৃত প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে একটি সাংস্কৃতিক কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি কোর্স সমন্বয়কারীর সাথে আলোচনাক্রমে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে।

## কিট এলাউন্স

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিাণ বিধি অনুসরণে ১৫,০০০/- (পনের ) হাজার টাকা প্রদানের ব্যবস্থা করা হবে।

## অন্যান্য

- ১। ১৩০ এসএসটিসি (130 SSTC) নামে সকল প্রশিক্ষার্থীদের সমন্বয়ে একটি WhatsApp গ্রুপ খোলা হবে;
- ২। লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা, এসাইনমেন্ট প্রস্তুত ও জমা প্রদান, দলীয় উপস্থাপনা যথাযথভাবে সম্পন্ন করতে হবে;
- ৩। বিভক্ত ক্যাম্পে যোগদান, জোনাল সেটেলমেন্ট অফিসার কর্তৃক দেয় মাঠ কাজ সম্পাদন এবং প্রতিবেদন প্রতিস্মার করত: কোর্স আবাসিক কর্মকর্তার নিকট জমা দিতে হবে;
- ৪। এটি আবাসিক ও বাস্তবভিত্তিক প্রশিাণ কায © ক্রম হওয়ায় সকলকে প্রশিাণকালীন শৃঙ্খলা বজায় রাখতে হবে;
- ৫। পরীক্ষায় ফেল করলে / ক্লাশে অনিয়মিত উপস্থিতি / ইচ্ছাকৃতভাবে শৃঙ্খলা পরিপন্থী কাজ করলে ফলাফল/ প্রতিবেদন গোপনীয় প্রতিবেদনের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের গোচরে আনা হবে।